

া লা-তাহ্যান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৫৭. অন্যদের দোষারোপ ও অবজ্ঞায় দুঃখ করবেন না

لَن يَضُرُّوكُمْ إِلَّا أَذًى

"সামান্য কষ্ট দেয়া ছাড়া তারা তোমাদের কোন ক্ষতিই করতে পারবে না।" (৩-সূরা আলে ইমরান: আয়াত-১১১) "তারা যে ষড়যন্ত্র করে তাতে আপনি মনোক্ষুন্ন হবেন না।" (১৬-সূরা আন নাহল: ১২৭)

এবং তাদেরকে কষ্ট দিবেন না (বা তাদের কষ্টকে উপেক্ষা করুন) এবং আল্লাহর উপর ভরসা করুন। (৩৩-সূরা আল আহ্যাব: ৪৮)

"অতপর আল্লাহ তাকে অর্থাৎ মূসা (আঃ)-কে তাদের অভিযোগ থেকে নির্দোষ প্রমাণিত করলেন।" (৩৩-সূরা আল আহ্যাব: ৬৯)

একজন আরবদেশী কবি বলেছেন-

"বালকেরা যখন বিশাল সাগরে পাথরের নুড়ি নিক্ষেপ করে তখন এ বিশাল সাগরের কোন ক্ষতি হয় না।" একখানি হাসান হাদীসে আছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

"আমার নিকট আমার সাহাবীদের দোষ বর্ণনা কর না, আমি প্রশান্ত চিত্তে তোমাদেরকে ত্যাগ করে চলে যেতে চাই।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=7566

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন